# ঢাকা বোর্ড-২০১৬

## বাংলা দ্বিতীয় পত্র: রচনামূলক প্রশ্ন

বিষয় কোড : | ১ | ০ | ২ |

সময় — ২ ঘন্টা ১০ মিনিট　　　　　　　　　　　　　　　　　　পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য: ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১. যে কোনো **একটি** বিষয়ে অনুচ্ছেদ লেখ: ৫

(ক) বই পড়া;

(খ) যৌতুক প্রথা।

২. (ক) মনে কর, তুমি রিনি। তুমি বিজয়পুর গ্রামের বাসিন্দা। তোমার গ্রামকে নিরক্ষরতার অভিশাপ থেকে মুক্ত করার ক্ষেত্রে নিজের ভূমিকার বর্ণনা দিয়ে তোমার বন্ধু মিনিকে একটি পত্র লেখ। ৫

অথবা, (খ) মনে কর, তুমি রোহান। তুমি নরসিংদীর পাড়াতলী গ্রামের বাসিন্দা। তোমার এলাকায় পানীয় জলে আর্সেনিক দূষণের ব্যাপারে যথাযথ কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি পত্র লেখ।

৩. (ক) সারাংশ লেখ: ১০

তুমি জীবনকে সার্থক ও সুন্দর করিতে চাও? কিন্তু সেজন্য তোমাকে প্রাণান্ত পরিশ্রম করিতে হইবে। মহৎ কিছু লাভ করিতে হইলে কঠোর সাধনার দরকার। তোমাকে অনেক দুঃখ সহ্য করিতে হইবে। অনেক বিপদ-আপদের সম্মুখীন হইতে হইবে। এইসব তুচ্ছ করিয়া যদি তুমি লক্ষ্যের দিকে ক্রমাগত অগ্রসর হইতে পার, তবে তোমার জীবন সুন্দর হইবে। আরও আছে, তোমার ভেতরে এক 'আমি' আছে। সে বড় দুরন্ত। তাহার স্বভাব পশুর মতো বর্বর ও উচ্ছৃঙ্খল। সে কেবল ভোগ-

https://teachingbd24.com

বিলাস চায়, সে বড় লোভী। এই 'আমি'-কে জয় করিতে হইবে। তবেই তোমার জীবন সুন্দর ও সার্থক হইয়া উঠিবে।

অথবা, (খ) সারমর্ম লেখ:

দৈন্য যদি আসে, আসুক, লজ্জা কিবা তাহে,
মাথা উঁচু রাখিস।
সুখের সাথী মুখের পানে যদি নাহি চাহে,
ধৈর্য ধরে থাকিস।
রুদ্র রূপে তীব্র দুঃখ যদি আসে নেমে,
বুক ফুলিয়ে দাঁড়াস।
আকাশ যদি বজ্র নিয়ে মাথায় ভেঙে পড়ে,
ঊর্ধ্বে দু'হাত বাড়াস।

৪. যে কোনো **একটির** ভাব-সম্প্রসারণ কর: ১০

(ক) দুঃখের মতো এত বড় পরশ পাথর আর নেই।

(খ) অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা যেন তারে তৃণসম দহে।

৫. যে কোনো **একটি** বিষয়ে প্রতিবেদন রচনা কর: ১০

(ক) মনে কর, তুমি রাহাত। তুমি খুলনা জিলা স্কুলের দশম শ্রেণির ছাত্র। তোমার বিদ্যালয়ে স্বাধীনতা দিবস উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের বিবরণ দিয়ে প্রধান শিক্ষক বরাবর একটি প্রতিবেদন প্রণয়ন কর।

(খ) মনে কর, তুমি হোমনা অঞ্চলের 'দৈনিক প্রথম আলো' পত্রিকার প্রতিনিধি। বছরের প্রথম দিনে সরকারি পৃষ্ঠপোষকতায় বই বিতরণের ওপর একটি সংবাদ প্রতিবেদন রচনা কর।

৬. যে কোনো **একটি** বিষয়ে প্রবন্ধ রচনা কর: ২০

(ক) শ্রমের মর্যাদা;

(খ) শহিদ দিবস ও একুশের চেতনা;

(গ) বাংলাদেশের বেকার সমস্যা ও তার প্রতিকার।

Teachingbd24.com

# বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: | ১ | ০ | ২ |

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০

[**বিশেষ দ্রষ্টব্য:** সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. বাংলা উপসর্গ কোনটি?**
ক রাম খ অতি
গ কার্ ঘ গর্

**২. 'হের' কোন প্রকারের ধাতু?**
ক সাধিত খ সংস্কৃত
গ অজ্ঞাতমূল ঘ বাংলা

**৩. আ-কারান্ত ধাতুর সঙ্গে 'অন্' স্থলে প্রত্যয়ান্ত শব্দে কী হয়?**
ক আনো খ আন
গ না ঘ ওন

**৪. নীলিমা-এর সঠিক প্রকৃতি প্রত্যয় কোন্‌টি?**
ক নীল + ইমন খ নীল + তৃচ
গ নীলা + ইমা ঘ নীলি + মা

**৫. কোনটি রূঢ়ি শব্দ?**
ক পঙ্কজ খ সন্দেশ
গ মধুর ঘ রাজপুত

**৬. ভাব বিশেষণ কয় প্রকার?**
ক দুই খ তিন
গ চার ঘ পাঁচ

**৭. কোন বাক্যে 'বিরক্তি প্রকাশে' অনন্বয়ী অব্যয়ের ব্যবহার হয়েছে?**
ক উঃ! পায়ে বড্ড লেগেছে
খ তুমি এত নীচ লোক তা জানতাম না
গ হাশেম কিংবা কাশেম এর জন্য দায়ী
ঘ কী আপদ! লোকটা যে পিছু ছাড়ে না

**৮. বাক্যে সাধারণত কোন কোন ধাতুগঠিত ক্রিয়াপদ উহ্য থাকে?**
ক শুন্, ধর্ খ হ্, দেখ
গ হ্, আছ ঘ আছ্, শুন্

**৯. আক্ষেপ প্রকাশে অতীতের স্থলে কোন কালের বিশিষ্ট প্রয়োগ হয়?**
ক পুরাঘটিত বর্তমান
খ নিত্যবৃত্ত অতীত
গ নিত্যবৃত্ত বর্তমান ঘ সাধারণ ভবিষ্যৎ

**১০. কষ্টি পাথরে সোনাটা কষে নাও— বাক্যের যৌগিক ক্রিয়া কোন অর্থে ব্যবহৃত হয়েছে?**
ক পরীক্ষা খ নির্দেশ
গ মনোযোগ আকর্ষণে ঘ ফল সম্ভাবনায়

**১১. মুষলধারে বৃষ্টি পড়ছে— বাক্যে 'বৃষ্টি' কোন কারকে কোন বিভক্তি?**
ক কর্তৃকারকে সপ্তমী খ কর্মকারকে শূন্য
গ কর্তৃকারকে শূন্য ঘ করণে শূন্য

**১২. অনুসর্গের অপর নাম কী?**
ক উপসর্গ খ পদান্বয়ী অব্যয়
গ কর্ম প্রবচনীয় ঘ বিসর্গ

**১৩. বাক্যস্থিত পদসমূহের অর্থগত ও ভাবগত মিলবন্ধের নাম কী?**
ক যোগ্যতা খ আসত্তি
গ আকাঙ্ক্ষা ঘ দুর্বোধ্যতা

**১৪. কোনটি জটিল বাক্যের উদাহরণ?**
ক ভাল ছেলেরা শিক্ষকের আদেশ পালন করে
খ যতই করিবে দান, ততই যাবে বেড়ে
গ সত্য কথা বলিনি, তাই বিপদে পড়েছি
ঘ তার বয়স হয়েছে, কিন্তু বুদ্ধি হয়নি

**১৫. "কোনোভাবেই যা নিবারণ করা যায় না"— এর বাক্য সংক্ষেপণ কোনটি?**
ক অদম্য খ দুর্দমনীয়
গ অনিবার্য ঘ দুর্নিবার

**১৬. কোন জোড়া বাগধারাটি সমার্থক?**
ক আদায় কাঁচকলায়, আমড়া কাঠের ঢেঁকি
খ অকুল পাথার, আকাশ ভেঙ্গে পড়া
গ আষাঢ়ে গল্প, আকাশ কুসুম
ঘ শাখের করাত, এলোপাথারি

**১৭. 'পারাবার' নিচের কোনটির সমার্থক শব্দ?**
ক সমুদ্র খ পাহাড়
গ নদী ঘ হাতি

**১৮. 'আবির্ভাব' শব্দের বিপরীত শব্দ কোনটি?**
ক পরাভব খ তিরোভাব
গ নিরত ঘ আগমন

Teachingbd24.com

১৯. 'বাঁশি বাজে ঐ মধুর লগনে'— এটি কোন বাচ্যের উদাহরণ?
ক কর্মকর্তৃবাচ্য খ ভাববাচ্য
গ কর্মবাচ্য ঘ কর্তৃবাচ্য

২০. আধুনিক নিয়মে সম্বোধনের পরে কোন যতি চিহ্নের ব্যবহার করা হয়?
ক দাঁড়ি খ কমা
গ সেমিকোলন ঘ ড্যাস

২১. কোন বাক্যের বাগ্‌ভঙ্গি আদর বোঝাতে ব্যবহৃত হয়েছে?
ক বেশ বেশ, খুব ভালো হয়েছে
খ ঈশ্বর তোমার মঙ্গল করুন
গ বড্ড শুকিয়ে গেছিস রে
ঘ কাজটা করে দাও না ভাই

২২. সামীপ্য অর্থে কোন অধিকরণ হয়?
ক কালাধিকরণ খ বৈষয়িক অধিকরণ
গ অভিব্যাপক অধিকরণ ঘ ঐকদেশিক অধিকরণ

২৩. বিধেয় বিশেষণ সর্বদাই কার পরে বসে?
ক বিশেষ্য খ বিশেষণ
গ অব্যয় ঘ ক্রিয়া

২৪. কী ভেদে ক্রিয়ার রূপের কোন পার্থক্য হয় না?
ক কাল খ পুরুষ
গ বাচ্য ঘ বচন

২৫. কোনো কথকের বাককর্মের নাম কী?
ক বাচ্য খ উক্তি
গ বাগভঙ্গি ঘ বাক্যরীতি

২৬. বাংলা ভাষায় সমস্ত ধাতুকে কয়টি গণে ভাগ করা হয়েছে?
ক দুটি খ আটটি
গ বিশটি ঘ পঁচিশটি

২৭. কোনটি চলিত ভাষারীতির বৈশিষ্ট্য?
ক তৎসম শব্দবহুল খ তদ্ভব শব্দবহুল
গ নাটকের অনুপযোগী ঘ গুরুগম্ভীর

২৮. অনেক সময় কোন প্রকার শব্দের মূল নির্ধারণ করা যায় না?
ক দেশি খ বিদেশি
গ অর্ধ-তৎসম ঘ তদ্ভব

২৯. 'হরতাল' কোন ভাষার শব্দ?
ক পর্তুগিজ খ পাঞ্জাবি
গ গুজরাটি ঘ ফারসি

৩০. 'লিঙ্গ ও বচন' ব্যাকরণের কোন তত্ত্বে আলোচিত হয়?
ক ধ্বনি তত্ত্বে খ বাক্য তত্ত্বে
গ শব্দ তত্ত্বে ঘ অর্থ তত্ত্বে

৩১. তদ্ধিত প্রত্যয় সাধিত শব্দটির নাম কী?
ক মৌলিক শব্দ খ যৌগিক শব্দ
গ কৃদন্ত শব্দ ঘ তদ্ধিতান্ত শব্দ

৩২. ধ্বনি নির্দেশক চিহ্নকে কী বলে?
ক কার খ ফলা
গ বর্ণ ঘ হস্

৩৩. তৎসম শব্দে কোন বর্গীয় বর্ণের সঙ্গে যুক্ত 'ন' কখনও 'ণ' হয় না?
ক ক খ চ
গ ট ঘ ত

৩৪. প্রকৃত বাংলা ব্যঞ্জন সন্ধি মূলত কোন নিয়মে হয়ে থাকে?
ক সমীভবন খ বিষমীভবন
গ অসমীকরণ ঘ অপিনিহিতি

৩৫. কোনটি 'নী' প্রত্যয়যুক্ত স্ত্রীবাচক শব্দ?
ক বাঘিনী খ ধোপানী
গ বামনী ঘ ভাগনী

৩৬. মেয়েটিকে চোখে চোখে রেখো— বাক্যের দ্বিরুক্তিটি কোন অর্থে ব্যবহৃত?
ক ভাবের প্রগাঢ়তা খ কালের বিস্তার
গ আধিক্য ঘ সতর্কতা

৩৭. নিচের কোনটি সঠিক নিয়মে সাধিত?
ক মহা + ঈশ = মহেশ
খ হিমা + আলয় = হিমালয়
গ পরি + ঈক্ষা = পরীক্ষা
ঘ বাগ্ + দান = বাগদান

৩৮. সমষ্টিবোধক শব্দগুলো বেশিরভাগ কোন ভাষা থেকে আগত?
ক বাংলা খ সংস্কৃত
গ ফারসি ঘ প্রাকৃত

৩৯. নির্দেশক সর্বনামের পরে টা, টি যুক্ত হলে তা কী হয়ে যায়?
ক নির্দিষ্ট খ অনির্দিষ্ট
গ সুনির্দিষ্ট ঘ নিরর্থক

৪০. 'অরুণরাঙা' কোন কর্মধারয় সমাসের সমস্তপদ?
ক মধ্যপদলোপী খ উপমান
গ উপমিত ঘ রূপক

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | গ | ৩ | ঘ | ৪ | ক | ৫ | খ | ৬ | গ | ৭ | ঘ | ৮ | গ | ৯ | ঘ | ১০ | ক | ১১ | গ | ১২ | গ | ১৩ | ক | ১৪ | ঘ | ১৫ | গ | ১৬ | খ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | ক | ২০ | খ |
| | ২১ | গ | ২২ | খ | ২৩ | ক | ২৪ | ঘ | ২৫ | খ | ২৬ | গ | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | গ | ৩০ | গ | ৩১ | ঘ | ৩২ | গ | ৩৩ | ঘ | ৩৪ | ক | ৩৫ | খ | ৩৬ | ঘ | ৩৭ | ক | ৩৮ | খ | ৩৯ | গ | ৪০ | খ |

teachingbd24.com

https://teachingbd24.com